গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মাগুরা
(সংস্থাপন শাখা)
www.magura.gov.bd

স্মারক নং-০৫.৪৪.৫৫০০.০০৭.১০.০৯৬.২২- ৬৪২

তারিখ- ০২ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ
১৮ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্বৃত্ত কর্মচারী গবেষনা ইউনিট শাখার ২৯ জুন ২০২২ তারিখের ০৫.০০.০০০০.২১২.১১.০৪২.১৫-৫৬ নম্বর স্মারক এবং ০৮ আগস্ট ২০২২ খ্রিষ্টাব্দ তারিখের ০৫.০০.০০০০.২১২.১১.০৪২.১৭-৭১ নম্বর স্মারকের ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে এবং বিভাগীয় বাছাই কমিটি, খুলনার গত ০৬.১০.২০২২ খ্রিষ্টাব্দ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত ও ১২.১০.২০২২ খ্রিষ্টাব্দ তারিখের ০৫.৪৪.০০০০.০১২.৫১.০০৫.২২-৩৪ নম্বর স্মারেকে অনুমোদনের প্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, মাগুরা এবং এর অধীনস্থ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় সমূহের সাধারণ প্রশাসনের আওতাভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদসমূহ সরাসরি পূরণের লক্ষ্যে জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের নিমিত্ত মাগুরা জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নলিখিত শর্তে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত চাকরির আবেদনের নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | বেতন স্কেল (জাতীয় বতেন স্কলে, ২০১৫) | পদের সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | উপ-প্রশাসনিক কর্মকর্তা (পূর্বতন পদ: সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর) | গ্রেড-১৩ ১১০০০-২৬৫৯০/- | ০৩ (তিন)টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি থাকতে হবে;<br>(খ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডসিট, প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং-এ দক্ষতা থাকতে হবে;<br>(গ) কম্পিউটার হার্ডওয়্যার বিষয়ে বেসিক ধারণা থাকতে হবে;<br>(ঘ) সাঁটলিপিতে প্রতি মিনিটে গতি কমপক্ষে ইংরেজি ও বাংলায় যথাক্রমে ৮০ ও ৫০ শব্দ এবং কম্পিউটার কম্পোজে প্রতি মিনিটে বাংলায় ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দের গতি থাকতে হবে। |
| ০২ | সহকারী প্রশাসনিক কর্মকর্তা (পূর্বতন পদ: সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর) | গ্রেড-১৪ ১০২০০-২৪৬৮০/- | ০২ (দুই)টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি থাকতে হবে;<br>(খ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডসিট, প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং-এ দক্ষতা থাকতে হবে;<br>(গ) কম্পিউটার হার্ডওয়্যার বিষয়ে বেসিক ধারণা থাকতে হবে;<br>(ঘ) সাঁটলিপিতে প্রতি মিনিটে গতি কমপক্ষে ইংরেজি ও বাংলায় যথাক্রমে ৭০ ও ৪৫ শব্দ এবং কম্পিউটার কম্পোজে প্রতি মিনিটে বাংলায় ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দের গতি থাকতে হবে। |
| ০৩ | হিসাব সহকারী | গ্রেড-১৬ ৯৩০০-২২৪৯০/- | ০২ (দুই)টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা;<br>(গ) বাংলা ও ইংরেজি উভয় প্রকার কম্পিউটার মুদ্রাক্ষর গতি প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ থাকতে হবে। |

## আবেদনের শর্তাবলি:

০১। প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের স্থায়ী নাগরিক ও মাগুরা জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত চাকরির নির্ধারিত আবেদন ফরমে আগ্রহী প্রার্থীদেরকে সভাপতি, বিভাগীয় বাছাই কমিটি, খুলনা ও বিভাগীয় কমিশনার, খুলনাকে সম্বোধন করে আগামী ৩০.১১.২০২২ খ্রিষ্টাব্দ তারিখের মধ্যে অফিস চলাকালীন জেলা প্রশাসক, মাগুরার কার্যালয়ে ডাকযোগে পৌঁছাতে হবে। সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদন গ্রহণযোগ্য নয়। খামের উপর মোটা অক্ষরে পদের নাম, বিশেষ কোটা (যদি থাকে) এবং বামপার্শ্বে আবেদনকারীর পূর্ণনাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে। নির্ধারিত আবেদন ফরমটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.mopa.gov.bd অথবা জেলা প্রশাসক, মাগুরার ওয়েবসাইট www.magura.gov.bd এর নোটিশ বোর্ড হতে সংগ্রহ করা যাবে। এ ছাড়া মাগুরা জেলার প্রতিটি ইউনিয়ন ডিজিটাল সেন্টার থেকে আবেদন ফরম ডাউনলোড করা যাবে।

০৩। নির্ধারিত আবেদন ফরমের নির্দেশনা ও চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।

০৪। প্রার্থীর বয়সসীমা ২৫-০৩-২০২০ খ্রিষ্টাব্দ তারিখে ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা সন্তান বা সন্তানের সন্তান বা প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৫। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে। আবেদনের সাথে সংযুক্ত সকল সনদপত্রের অনুলিপি/ছবি একজন প্রথম শ্রেণির সরকারি কর্মকর্তা কর্তৃক (নামযুক্ত সিলসহ) সত্যায়িত হতে হবে।

ক) সদ্য তোলা পাসপোর্ট আকারের ০৩ কপি ও স্ট্যাম্প সাইজের ০৩ কপি রঙিন ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে।

খ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

গ) শিক্ষাগত যোগ্যতা ও সকল অভিজ্ঞতার সনদপত্রের ফটোকপি।

ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

অপর পাতায়



ঙ) শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান হিসেবে আবেদন করতে ইচ্ছুক প্রার্থীকে ওপরের ২নং অনুচ্ছেদে বর্ণিত নির্ধারিত ফরমের সাথে নিম্নবর্ণিত ছকের তথ্যাদি উল্লেখপূর্বক আবেদন করতে হবে। এক্ষেত্রে মুক্তিযোদ্ধার সনদপত্রের সত্যায়িত অনুলিপি অবশ্যই মূল আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

| প্রার্থীর নাম | মুক্তিযোদ্ধার নাম | মুক্তিযোদ্ধার পিতার নাম | মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানা | মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র, জন্ম তারিখ, জন্ম সনদ | মুক্তিযোদ্ধা সনদ নম্বর, মুক্তিবার্তা নম্বর ও তারিখ | গেজেট নম্বর ও তারিখ | মন্ত্রণালয়ের সনদ নম্বর তারিখ ও স্মারক নম্বর | বামুস সনদ নম্বর ও তারিখ | মুক্তিযোদ্ধার নাতি-নাতনী দাবী করার ক্ষেত্রে প্রার্থীর জাতীয় পরিচয়পত্র, পিতা-মাতার জাতীয় পরিচয়পত্র | মুক্তিযোদ্ধার উত্তরাধিকারী সনদপত্র পোষ্যদের ক্ষেত্রে প্রার্থীর পিতা-মাতার নাগরিকত্ব সনদযুক্ত প্রমাণক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| | | | | | | | | | | | |

চ) ট্রেজারি চালানের মাধ্যমে পরীক্ষার ফি বাবদ কোড নং ১-০৭৪২-০০০০-২০৩১ তে ২০০/-(দুইশত) টাকা জমা প্রদান করে ট্রেজারি চালানের মূলকপি (প্রথম কপি) আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

ছ) পদের নাম ও প্রার্থীর নাম ঠিকানা সংবলিত ১০ (দশ) টাকার ডাক টিকিট লাগানো ১০ ইঞ্চি X ৪.৫ ইঞ্চি একটি ফেরত খাম আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০৬। বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র এবং ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

০৭। চাকুরীরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র প্রেরণ করতে হবে। এ ক্ষেত্রে আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

০৮। সরকারি নীতিমালা মোতাবেক মুক্তিযোদ্ধা/মহিলা/আনসার ভিডিপি/এতিম/শারিরিক প্রতিবন্ধী/ক্ষুদ্র নৃগোষ্ঠী প্রার্থীদের জন্য কোটা সংক্রান্ত সরকারি বিধি অনুসরণ করা হবে। এক্ষেত্রে প্রার্থীকে তার কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। অন্যথায় তাকে জেলার সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে।

০৯। লিখিত পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নাগরিকত্ব সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদ, কম্পিউটার ও শর্টহ্যান্ডের প্রমাণস্বরূপ সকল সনদপত্র ও কোটা সম্পর্কিত সনদপত্রের মূলকপি উপস্থাপন করতে হবে।

১০। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১১। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলি পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/বিয়োজন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১২। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩। প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৪। সরকারের পরবর্তী নির্দেশের প্রেক্ষিতে পদের সংখ্যা হ্রাস বা বৃদ্ধি হতে পারে।

১৫। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বিজ্ঞপ্তির কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন, পরিবর্ধন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৮.১০.২০২২

ড. আশরাফুল আলম
জেলা প্রশাসক
মাগুরা
ফোন নম্বর : ০২৪৭৭৭১০৩০২
ই-মেইল: dcmagura @mopa.gov.bd

নবীর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মাগুরা
(সংস্থাপন শাখা)
www.magura.gov.bd

স্মারক নং-০৫.৪৪.৫৫০০.০০৭.১০.০৯৬.২২- ৬৪২(১০০)

তারিখ- ১২ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ
২৮ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪। বিভাগীয় কমিশনার, খুলনা ও সভাপতি, বিভাগীয় বাছাই কমিটি, খুলনা।
০৫। জেলা প্রশাসক,........................(সকল)
০৬। পুলিশ সুপার, মাগুরা
০৭। সিভিল সার্জন, মাগুরা
০৮। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মাগুরা
০৯। উপপরিচালক, স্থানীয় সরকার, মাগুরা
১০। মেয়র, মাগুরা পৌরসভা, মাগুরা
১১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট/অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)/অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), মাগুরা
১২। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা ও সদস্য, বিভাগীয় বাছাই কমিটি, খুলনা
১৩। উপজেলা নির্বাহী অফিসার, মাগুরা সদর/মহম্মদপুর/শালিখা/শ্রীপুর, মাগুরা
১৪। বিভাগীয় কমিশনার, খুলনা এর একান্ত সচিব ও সচিব, বিভাগীয় বাছাই কমিটি, খুলনা
১৫। সহকারী কমিশনার (ভূমি), মাগুরা সদর/মহম্মদপুর/শালিখা/শ্রীপুর, মাগুরা।
১৬। সহকারী পরিচালক, বাংলাদেশ সরকারি কর্মকমিশন, আঞ্চলিক কার্যালয়, খুলনা ও সদস্য, বিভাগীয় বাছাই কমিটি, খুলনা
১৭। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, মাগুরা- তাঁকে নিয়োগ বিজ্ঞপ্তি জেলা প্রশাসক, মাগুরা এর ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার অনুরোধ করা হলো
১৮। জেলা তথ্য অফিসার, মাগুরা
১৯। পোস্ট মাষ্টার, প্রধান ডাকঘর, মাগুরা
২০। সহকারী পরিচালক, জেলা জনশক্তি ও কর্মসংস্থান ব্যুরো................।
২১। (ক) সম্পাদক,....................(বাংলা)।
(খ) সম্পাদিক,....................(স্থানীয়)।
বিজ্ঞপ্তিটি আগামী....................খ্রিষ্টাব্দ তারিখের মধ্যে তাঁর পত্রিকায় ভিতরের পাতায় ৮ ইঞ্চিতে ৩ কলামে ০১ (এক) দিনের জন্য প্রকাশ করে বিজ্ঞপ্তির ০৫ (পাঁচ) কপি এবং বিল নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
২২। অফিস নথি/নোটিশ বোর্ড।

২৮.১০.২০২২
জেলা প্রশাসক
মাগুরা

নবীর